যুগান্তর

তারিখ ... 17 DEC 2002
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮

# কক্সবাজারে শুরু হচ্ছে ছাত্রদলের নতুন প্রজন্মের মিলন মেলা

গিয়াস উদ্দিন রিমন

সৈকত নগরী কক্সবাজারে বসছে ছাত্রদলের নতুন প্রজন্মের নেতাদের মিলন মেলা। আগামীকাল সকালে সমুদ্র সৈকতের কাছে হোটেল সী-গাল চত্বরে কক্সবাজার জেলা ছাত্রদলের সম্মেলনের মাধ্যমে শুরু হবে দু'দিনের জমজমাট আয়োজন। আজ সকাল ৭টায় রাজধানী থেকে কক্সবাজার যাত্রা করবেন ছাত্রদলের কেন্দ্রীয় ও জেলা নেতৃবৃন্দ। আগামীকাল পুনর্মিলনী আলোচনা, কনসার্ট শেষে বৃহস্পতিবার তারা যাবেন প্রবাল দ্বীপ সেন্টমার্টিন ভ্রমণে। শুক্রবার ফিরে আসবেন ঢাকায়। আজ সকালে নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়ে সমবেত হয়ে সবাই যাবেন ছাত্রদলের প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি

মিলন মেলা : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

## মিলন মেলা : ছাত্রদল

(১ম পৃষ্ঠার পর)

জিয়াউর রহমানের মাজার জিয়ারতে। এরপর সাতটি বাসে রওয়ানা হবেন নেতারা। ব্যতিক্রমী এ আয়োজনের মধ্যমণি বিএনপির প্রথম যুগ্ম মহাসচিব তারেক রহমান। সঙ্গে থাকবেন বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক ও স্বাস্থ্য প্রতিমন্ত্রী আমানউল্লাহ আমান। গত দু'মাস ধরে সারাদেশে ছাত্রদলের সাংগঠনিক সফরে অংশগ্রহণকারী ছাত্রদলের আটজন সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক কর্মসূচিতে যোগ দেবেন। ছাত্রদলের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির ৩১জন সদস্যসহ অনুষ্ঠানে অংশ নেবেন সংগঠনের ৮৯টি সাংগঠনিক জেলার নবনির্বাচিত সভাপতি, সাধারণ সম্পাদক এবং আহ্বায়ক ও যুগ্ম আহ্বায়করা। বিএনপি চেয়ারপারসনের কার্যালয় হাওয়া ভবনের কর্মকর্তা-কর্মচারীসহ একদল স্বেচ্ছাসেবক থাকবেন পুরো আয়োজনের দায়িত্বে। দু'শ'র বেশি অতিথির থাকার ব্যবস্থা করা হয়েছে হোটেল সী-গালে।

ইতিমধ্যে অনুষ্ঠানের সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। তারেক রহমান গত সপ্তাহে কক্সবাজার গিয়ে সবকিছু চূড়ান্ত করে এসেছেন। আগামীকাল সকালে অনুষ্ঠিতব্য কক্সবাজার জেলা ছাত্রদলের সম্মেলনে তিনি প্রধান অতিথি থাকবেন। জেলা সম্মেলন ও কাউন্সিল শেষে শুরু হবে মূল অনুষ্ঠান। কেন্দ্রীয় ও জেলা নেতাদের সম্মিলনীতে থাকবে মুক্ত আলোচনা. জিজ্ঞাসা করা হবে নানা ধরনের প্রশ্ন। বিভিন্ন বিষয়ের ওপর বক্তৃতা করতে বলা হবে তাদের। এক ধরনের পরীক্ষা দিতে হবে তাদের সবাইকে। রাজনৈতিক প্রশিক্ষণের এ ধারা চলবে দু'দিন ধরেই। তাদের বিভিন্ন জিজ্ঞাসারও জবাব দেবেন তারেক রহমান। শেষে ছাত্রদলের আগামী দিনের রাজনীতি সম্পর্কে দিকনির্দেশনা দেবেন তিনি। এরই মাঝে নেয়া হতে পারে কেন্দ্রীয় ছাত্রদলের নতুন নেতৃত্ব নির্বাচনের জন্য কাউন্সিলরদের মতামত। আগামী ৩১ ডিসেম্বর গঠিত হবে ছাত্রদলের নতুন কমিটি। ১ জানুয়ারি নতুন কমিটিই উদযাপন করবে সংগঠনের প্রতিষ্ঠাবার্ষিকী। ইতিমধ্যে সারাদেশে ছাত্রদলের জেলা ও বিশ্ববিদ্যালয় শাখাগুলোর সম্মেলন ও কাউন্সিলের মাধ্যমে নতুন নেতৃত্ব নির্বাচিত হয়েছে। ফিরে এসেছে নতুন গতি। এরই ধারাবাহিকতায় সর্বশেষ জেলা সম্মেলন হচ্ছে কক্সবাজারে।

আগামীকাল সকাল থেকে বিকাল পর্যন্ত রাজনৈতিক প্রশিক্ষণ শেষে অনুষ্ঠিত হবে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান। খ্যাতিমান ব্যান্ড শিল্পী আইয়ুব বাচ্চু ও মেজবাহ কনসার্টের প্রধান আকর্ষণ। কক্সবাজারে রাতযাপন শেষে পরদিন সকালে যাত্রা শুরু হবে সেন্টমার্টিনের উদ্দেশে। এজন্য বড় জাহাজ ভাড়া করা হয়েছে। জাহাজে সাগর যাত্রায় আবার রাজনৈতিক পরীক্ষার মুখোমুখি হতে হবে ছাত্রদল নেতাদের। সেখানে নানা বিষয়ে খোলামেলা আলোচনা হবে। সেন্টমার্টিনে গিয়ে কেবলই বেড়ানোর সুযোগ নেই। সেখানেও চলবে রাজনৈতিক প্রশিক্ষণ। সেন্টমার্টিন থেকে ফেরার পর শুক্রবার সকালে ভাঙবে মিলন মেলা।